

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সাহাবীগণ জিজ্ঞেস করেন, কিভাবে তাশাহ্হদের সময় তাঁর উপর সালাত বা দরুদ পেশ করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا سُئل عَنِ الصَّلَاةِ عَلَيْهِ فِي الصَّلَاةِ عِنْدَ ذكْرهِمْ إِيَّاهُ فِي التَّشَهُد

আরবী

1956 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ ـ وكتبتُه مِنْ أَصْلِهِ ـ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَرْهَرِ أَحْمَدُ بْنُ الْأَرْهَرِ وَكَتَبْتُهُ مِنْ أَصْلِهِ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدِ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: وَحَدَّثَنِي _ فِي الصَّلَاةِ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا الْمَنْءُ الْمُسْلِمُ صَلَّى عَلَيْهِ فِي صَلَاتِهِ _ مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ التَّيْمِيُّ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ رَبِّهِ عَنْ أَبِي مَسْعُودِ قَالَ: أَقْبَلَ رَجُلٌ حَتَّى جَلَسَ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ بْنِ زَيْدِ بْنِ عَبْدِ رَبِّهِ عَنْ أَبِي مَسْعُود قَالَ: أَقْبَلَ رَجُلٌ حَتَّى جَلَسَ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ وَنَحْنُ عِنْدَهُ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَمَّا السَّلَامُ عَلَيْكَ فَقَدْ رَسُولِ اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْكَ إِذَا نَحْنُ صَلَيْنَا فِي صَلَاتِنَا صَلَّى اللَّهُ عَلَيْكَ؟ قَالَ: فَصَمَتَ عَرَفْنَاهُ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ إِذَا نَحْنُ صَلَيْنَا فِي صَلَاتِنَا صَلَّى اللَّهُ عَلَيْكَ؟ قَالَ: فَصَمَتَ عَلَى اللَّهُ مَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ إِذَا نَحْنُ صَلَيْنَا فِي صَلَاتِنَا صَلَّى اللَّهُ عَلَيْكَ؟ قَالَ: فَصَمَتَ عَلَى اللَّهُ مَلَى اللَّهُ مَلَى اللَّهُ مَلَى اللَّهُ مَلَى اللَّهُ عَلَيْكَ؟ قَالَ: اللَّهِمَ وَعَلَى اللَّهُ مَ كَلَيْكَ؟ قَالَ: اللَّهُمِّ صَلَلِ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَعَلَى آلَ إِبْرَاهُ مَلَى الْكَاهُ عَلَى الْكَوْتُ مَا الْتَعْرِقُ مُنْ مُنَا مَا مَا عَلَى الْكَاهِيمَ وَالْمَاهِيمَ و

الراوي: أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1956 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) , ((صحيح أبي داود)) (901)

বাংলা



১৯৫৬. আবৃ মাস'উদ আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে ছিলাম, এমন সময় এক ব্যক্তি এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে বসেন এবং বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার উপর সালাত পেশ করার বিষয়টি তো আমরা জানি, কিন্তু যখন আমরা সালাত আদায় করি, তখন আমরা আপনার উপর কিভাবে সালাত আদায় করবো?" রাবী বলেন, "তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চুপ থাকেন। এমনকি আমাদের মনে হলো যে, সে ব্যক্তি যদি তাঁকে প্রশ্ন না করত। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা বলবে,

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدِ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حميد مجيد النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حميد مجيد

(হে আল্লাহ, আপনি সালাত বর্ষণ করুন নিরক্ষর নাবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বংশ ও পরিবার-পরিজনের উপর, যেভাবে আপনি ইবরাহিম আলাইহিস সালাম ও তার পরিবার পরিজনের উপর সালাত বর্ষণ করেছিলেন, নিশ্চয়ই আপনি প্রশংসিত, মর্যাদাবান। হে আল্লাহ, আপনি বারাকাহ অবতীর্ণ করুন নিরক্ষর নাবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বংশ ও পরিবার-পরিজনের উপর, যেভাবে আপনি ইবরাহিম আলাইহিস সালাম ও তার পরিবার পরিজনের উপর বারাকাহ অবতীর্ণ করেছিলেন, নিশ্চয়ই আপনি প্রশংসিত, মর্যাদাবান।)[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭১১; সুনান দারাকুতনী: ১/৩৫৪-৩৫৫; হাকিম: ১/২৬৮; সুনান বাইহাকী: ২/১৪৬; মুসনাদ আহমাদ: ৪/১১৯; আবৃ দাউদ: ৯৮১; তাবারানী আল কাবীর: ১৭/৬৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৮৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬৫-১৬৬; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৯০-৯১; মুসানাফ আব্দুর রাযযাক: ৩১০৮; মুসনাদ আহমাদ: ৪/১১৮; সহীহ মুসলিম: ৪০৫; আবৃ দাউদ: ৯৮০; নাসাঈ: ৩/৪৫; তিরমিযী: ৩২২০; দারেমী: ১/৩০৯-৩১০; তাবারানী: ১৭/৬৯৭; সুনান বাইহাকী: ২/১৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন